চুয়াডাঙ্গায় ইতালী ফেরত যুবকের করোনা সনাক্ত

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের আইসোলেশনের থাকা ইতালী ফেরত যুবক করোনা ভাইরাস আক্রান্ত বলে ঘোষণা দিয়েছে স্বাস্থ্য বিভাগ।

বৃহস্পতিবার বেলা ২টায় চুয়াডাঙ্গার সিভিল সার্জন ডা. এএসএম মারুফ হাসান সাংবাদিকদের উপস্থিতিতে এ ঘোষণা দেন। তরে আক্রান্ত যুবক ঝুঁকিপূর্ণ অবস্থায় না থাকায় তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালেই রেখে চিকিৎসা দেয়া হচ্ছে বলেও জানান তিনি। আক্রান্ত যুবক ছাড়াও জেলার সন্দেভাজন ৮৩ জনকে হোম কোয়ারেন্টাইনে রাখা হয়েছে বলে জানানো হয়।

চুয়াডাঙ্গার সিভিল সার্জন ডা. এএসএম মারুফ হাসান জানান, ইতালী ফেরত যুবক গত ১২ মার্চ বাড়িতে আসেন। এরপর তিনি সর্দি, কাশি, গলাব্যাথা ও জ¦রে আক্রান্ত হন। বিষয়টি জানার পর তাকে সদর হাসপাতালের আইসোলেশন নিয়ে আসা হয়। গত ১৬ মার্চ আইইডিসিআর’র প্রতিনিধিদল চুয়াডাঙ্গায় এসে ইতালী ফেরত যুবকের সোয়াব সংগ্রহ করে ঢাকা নিয়ে যায়। সেখানে পরীক্ষা করে তার দেহে করোনা ভাইরাসের উপস্থিতি নিশ্চিত করে আইইডিসিআর।

এক প্রশ্নের জবাবে সিভিল সার্জন বলেন, আক্রান্ত যুবকের অবস্থা সংকটাপন্ন না হওয়ায় আপাতত তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালের আইসোলেশনে রেখে চিকিৎসা দেয়া হচ্ছে। তার সুস্থ হলে আবারও তাকে পরীক্ষা-নিরীক্ষা করে তাকে বাড়িতে পাঠানো হবে।

মেপ্র/ইএম

গাংনীতে প্রবাসীদের হোম

কোয়ারেন্টাইন নিশ্চিত করতে অভিযান

মেহেরপুরের গাংনীতে প্রবাস ফেরতদের হোম কোয়ারেন্টাইন নিশ্চিত করতে তাদের বাড়িতে গিয়ে সচেতনতামুলক অভিযান চালিয়েছে গাংনী উপজেলা প্রশাসন।

বৃহস্পতিবার দুপুরে উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান করোনা ভাইরাস রোগী চিহ্নিত ও এর বিস্তার এলাকায় ছড়িয়ে পড়তে না পারে সে জন্য মেহেরপুরের গাংনী উপজেলার পৌরসভার মালসাদহ গ্রামে এবং বামুন্দির নিশিপুর স্কুলপাড়ায় জরুরী অভিযান চালান। তাদের সাথে সৌজন্য সাক্ষাৎ করে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করেন। এ সময় গাংনী উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা ডাঃ রিয়াজুল আলমসহ স্বাস্থ্য কমপ্লেক্সের অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীরা এবং গাংনী থানা পুলিশের একটি টিম উপস্থিত ছিলেন।

উপজেলা নির্বাহী কর্মকর্তা জানান, এ ভাইরাস থেকে মুক্তি ও জনগনকে রক্ষা পাওয়ার জন্য হোম কোয়ারেন্টাইন পালনের সরকারী নির্দেশ রয়েছে। তারপরও অনেকে ১৪ দিনের এ হোম কোয়ারেন্টাইন পালন করছেন না। এমন অভিযোগের ভিত্তিতে গাংনী উপজেলা প্রশাসন মাঠে নেমেছেন এবং অভিযান পরিচালনা করছেন এবং এ অভিযান অব্যাহত থাকবে।

অভিযানে বিভিন্ন এলাকায় করোনা প্রতিরোধে স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি সংক্রান্ত লিফলেট বিতরণ করা হয়। যে কোন সমস্যার কথা জানাতে হটলাইন নাম্বার দেয়া হয়েছে যাতে চিকিৎসা সংক্রান্ত বিষয়ে চিকিৎসকদের সাথে সরাসরি কথা বলতে পারে সকল শ্রেনীপেশার মানুষ।

মেপ্র/ইএম

মেহেরপুরে বিএনপির করোনার

জনসচেতনামূলক লিফলেট বিতরণ

মেহেরপুরে করোনার জনসচেতনামূলক লিফলেট বিতরণ করেছে বিএনপি ও যুবদল নেতা কর্মীরা।

বৃহস্পতিবার সকাল ১১ টায় মেহেরপুর শহরের বিভিন্ন স্থানে জনসচেতনামূলক লিফলেট বিতরণ করা হয়। করোনার জনসচেতনামূলক লিফলেট বিতরণ বিশ্বব্যাপী করোনা ভাইরাস ছড়িয়ে পড়ার প্রেক্ষিতে বাংলাদেশের সাধারণ মানুষের মাঝে যাতে ছড়িয়ে পড়তে না পারে সে লক্ষ্যে জনসচেনতা সৃষ্টির জন্য মেহেরপুর জেলা বিএনপি’র সংগ্রামী সভাপতি মাসুদ অরুনের নেতৃত্বে মেহেরপুর জেলা বিএনপি’র উদ্যোগে জেলা জজ আদালত প্রাঙ্গন থেকে শুরু করে শহরের বিভিন্ন পয়েন্টে সর্ব সাধারণের মধ্যে করোনা ভাইরাসের সংক্রমণ থেকে কিভাবে মুক্ত থাকা যায় সেই নির্দেশনা সম্বলিত লিফলেট বিতরণ করেন।

এসময় পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস,জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ,জেলা যুবদলেরর সভাপতি জাহিদুল হক জাহিদ,সাধারন সম্পাদক কাউছার অলী,মেহেরপুর জেলা স্বেছাসেবক দলের সভাপতি তোফায়েল আহমেদ, সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু,গাংনী উপজেলা যুবদলের আহবায়ক আব্দুল মালেক চপল,মুজিবনগরের আহবায়ক আবুল হাসান,সদস্য সচিব আনারুল ইসলাম,সদর উপজেলা যুবদলের আহবায়ক লিয়াকত আলী,সদস্য সচিব কামুরহজ্জামান বিপ্লব, গাংনী পৌর আহবায়ক সাহিদুল ইসলাম,সদস্য সচিব এনামুল হক, মেহেরপুর জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক আলমগীর হোসেন, সাংগঠনিক সম্পাদক সাঈদ বীন রফিক সিজার,মেহেরপুর সরকারি কলেজ ছাত্রদলের আহবায়ক ফাহিম আহনাফ লিংকন, সদর উপজেলা ছাত্রদলের আহবায়ক বখতিয়ার খালিদ বুলবুল, সদস্য সচিব রাশেদুল ইসলাম রাজন, মুজিবনগর উপজেলা ছাত্রদলের আহবায়ক আকিব জাভেদ সেনজির,সদস্য সচিব আজিজুর রহমান আফিরুল সহ বিএনপি ও এর অঙ্গ সংগঠনের নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

# [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

---

# [redacted]

[redacted]

আইইডিসিআর পরিচালক বলেন, অতি দুঃখের সঙ্গে বলছি, করোনায় আক্রান্ত একজন মারা গেছেন। আমরা তাঁর আত্মার মাগফেরাত কামনা করছি। ওই ব্যক্তির বয়স ছিল ৭০ বছরের ওপরে এবং তিনি ডায়াবেটিস ও উচ্চ রক্তচাপ, কিডনিসহ আরো বিভিন্ন সমস্যায় ভুগছিলেন।

তিনি বলেন, এই রোগী একজন ইতালি ফেরত ব্যক্তির মাধ্যমে আক্রান্ত হয়েছিলেন। দশজন আক্রান্ত ব্যক্তির মধ্যে তিনি একজন। গতকাল তাঁর অবস্থা ঝুঁকিপূর্ণ ছিল। আজ সকালে তিনি মারা গেছেন। তিনি জানান মৃত এই ব্যক্তিকে দাফন করা হবে। সূত্র- পূর্বপশ্চিম

মীরজাদী সেব্রিনা ফ্লোরা বলেন, করোনায় মৃত এই ব্যক্তির দাফন হবে ‘বিশেষ প্রক্রিয়ার’ মধ্যদিয়ে। আইইডিসিআর কর্তৃপক্ষ নিজেরাই প্যাকেট করে দেবেন এবং পরিবহনের ব্যবস্থাও করবে। মৃত ব্যক্তির লাশ প্যাকেট করার আগে আমরাই ধর্মীয় বিধান অনুযায়ী, গোসল করিয়ে দেব। এরপর কাফনের কাপড় পড়িয়ে প্যাকেট করা হবে। সেই প্যাকেট কোনও অবস্থাতেই কেউ খুলতে পারবে না। প্যাকেট খুলে আত্বীয়-স্বজন লাশের মুখ দেখার সুযোগ নেই।

ফ্লোরা বলেন, লাশ প্যাকেট করার পর তা খোলা হলে করোনা ভাইরাস ছড়িয়ে পড়ার সম্ভাবনা থাকবে। এতে বড় ধরনের ক্ষতি হতে পারে। তাই যেভাবে আমরা প্যাকেট করে দেবো সেভাবে আমাদের লোক দিয়ে আমাদের ব্যবস্থাপনায় কবর দেওয়া হবে।

মৃত এই ব্যক্তির জানাজায় অংশ নিতে বাধা নেই জানিয়ে তিনি বলেন, স্বাভাবিক ধর্মীয় বিধান অনুযায়ী, একজন মৃত ব্যক্তির জন্য যে ধরনের জানাজার প্রয়োজন হয় তাতে অংশ নিতে কোনো বাধা নেই। লাশ সামনে রেখে জানাজা পড়া যাবে এবং তাতে অংশ নেওয়া যাবে।

আইইডিসিআরের পরিচালক মীরজাদী সেব্রিনা ফ্লোরা বলেন, দেশে গত ২৪ ঘণ্টায় নতুন করে আরও চারজন করোনা ভাইরাসে আক্রান্ত হয়েছে। এদের মধ্যে একজন নারী, তিনজন পুরুষ। দুইজন ইতালি থেকে এবং একজন কুয়েত থেকে এসেছে। এছাড়া একজন ইতালি থেকে আসা একজনের মাধ্যমে আক্রান্ত হয়েছে। দেশে মোট আক্রান্তের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১৪ জন।

করোনাভাইরাস আক্রান্ত কোনো দেশ থেকে বাংলাদেশে ফিরে এলে ১৪দিন হোম কোয়ারেন্টিন করতেই হবে। সেই নির্দেশনা না মানলে শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবে বলেও জানান তিনি।

গাংনীতে গ্রাম পুলিশের আত্মহত্যা

মেহেরপুরের গাংনীতে কাজল আহমেদ (২৫) নামের এক গ্রাম পুলিশ আত্মহত্যা করেছে। বুধবার দুপুর ২ টায় উপজেলার তেতুলবাড়িয়া ইউনিয়নের পলাশীপাড়া গ্রামের নিজ বাড়িতে গলায় রশি বেঁধে আত্মহত্যা করে সে।

কাজল কাজল আহমেদ পলাশীপাড়া গ্রামের মৃত রুস্তম আলীর ছেলে সে ২ নং তেঁতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদে গ্রাম পুলিশ হিসেবে কর্মরত ছিলো।

তেতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের সদস্য মো: জয়নুদ্দিন ও স্থানীয়রা জানায় পারিবারিক বিরোধের কারণে কাজল হোসেন কিছুটা মানসিক ভারসাম্য হারিয়ে ফেলে। মানসিক যন্ত্রণা সহ্য করতে না করতে পেরে আত্মহত্যা করতে পারে বলে ধারণা করা হচ্ছে।

গাংনী থানার ওসি মো: ওবায়দুর রহমান জানান ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেয়া হবে।

ঝিনাইদহে জাতির জনক বঙ্গবন্ধুর ম্যুরাল উদ্বোধন

ঝিনাইদহে জেলা পরিষদ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের জম্মশত বার্ষিকীতে বঙ্গবন্ধু ম্যুরাল উদ্বোধন ও ১০০ পাউন্ড কেক কেটে জম্মশত বার্ষিকী পালন করা হয়। মঙ্গলবার বিকালে ঝিনাইদহ জেলা পরিষদ অফিস চত্বরে এই উদ্বোধন করা হয়েছে।

ঝিনাইদহ জেলা পরিষদের চেয়ারম্যান কনক কান্তি দাসের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি থেকে উদ্বোধন করেন জেলা আওয়ামী লীগের

সভাপতি ও ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই।

এ সময় উপস্থিত ছিলেন।ঝিনাইদহ-২আসনের সংসদ সদস্য তাহজীব আলম সিদ্দিকী সমি, খালেদা খানম এমপি, জেলা প্রশাসক সরোজ কুমান নাথ, পুলিশ সুপার হাসানুজ্জমান পিপিএম, জেলা পরিষদের সচিব রেজাই রাফিন সরকার ও ঝিনাইদহ সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম হিরনসহ জেলা পরিষদের সকল সদস্য বৃন্দ উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গা প্রেসক্লাব ও বাসাস জেলা ইউনিটের শপথ অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা প্রেসক্লাব এবং বাংলাদেশ সাংবাদিক সমিতি- বাসাস জেলা ইউনিটের শপথ ও অভিষেক অনুষ্ঠিত হয়েছে। বুধবার বেলা ১১টায় চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাকক্ষে এ শপথ ও অভিষেক অনুষ্ঠিত হয়।

প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা ১ আসনের সংসদ সদস্য বীরমুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন। প্রেসক্লাব সভাপতি সরদার আল আমিনের সভাপতিত্বে এ অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার, পুলিশ সুপার জাহিদুল ইসলাম, জেলা পরিষদের চেয়ারম্যান সেখ সামসুল আবেদীন খোকন, জেলা আওয়ামীলীগের যুগ্ম-সাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন, চুয়াডাঙ্গা সদর হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার ডা. শামীম কবীর, বাসাস জেলা ইউনিটের সভাপতি আজাদ মালিতা এবং প্রেসক্লাবের নির্বাচন পরিচালনা কমিটির আহ্বায়ক অ্যাডভোকেট সোহরাব হোসেন।

প্রেসক্লাব সদস্য জামান আখতার ও খাইরুল ইসলামের প্রাণবন্ত সঞ্চালনায় অনুষ্ঠানে শুরুতে কোরআন থেকে তেলওয়াত করেন বাসাস জেলা ইউনিটের সাধারণ সম্পাদক বিপুল আশরাফ। প্রেসক্লাবের নির্বাচন পরিচালনা কমিটির আহ্বায়ক অ্যাডভোকেট সোহরাব হোসেন প্রথমে চুয়াডাঙ্গা প্রেসক্লাব পরে বাসাস জেলা ইউনিটের নবনির্বাচিত কার্যনির্বাহী পরিষদকে শপথ পাঠ করান। এরপর বিভিন্ন প্রতিষ্ঠানের পক্ষে নবনির্বাচিতদের ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

আলোচনা পর্বে প্রেসক্লাবের সাধারণ সম্পাদক রাজীব হাসান স্বাগত বক্তব্য উপস্থাপন করেন। পরে জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক ও প্রেসক্লাবের সাবেক সদস্য দেশের স্বনামধন্য বিক্রয় প্রশিক্ষক রাজীব আহম্মেদ শুভেচ্ছা বক্তব্য দেন।

অনুষ্ঠানের অতিথিবৃন্দ বক্তৃতাকালে বলেন, চুয়াডাঙ্গা প্রেসক্লাব ও বাসাস জেলা ইউনিট চুয়াডাঙ্গা জেলার দুটি ঐতিহ্যবাহী সংগঠন। এ সংগঠন দুটি বরাবরই জেলার উন্নয়নে এবং বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশনে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছেন। আগামীতেও চুয়াডাঙ্গার সাংবাদিকরা এ ধারা অব্যাহত রাখবে বলে অতিথিরা প্রত্যাশা ব্যক্ত করেন।

হরিনাকুন্ডুতে নির্যাতনের শিকার বৃদ্ধ মা ,আদালতে মামলা

ঝিনাইদহের হরিনাকুন্ডুতে উপজেলায় ছেলের নির্যাতনের শিকার হয়েছে এক বৃদ্ধা মা এই ঘটনায় ছেলের বিরুদ্ধে বিচার চেয়ে আদালতে মামলা করেছেন। ঘটনাটি ঘটেছে উপজেলার কাছারী তোলা গ্রামে।

স্থানীয় ও মামলা সূত্রে জানা যায় গত ৯তারিখে মৃত কোরবান শাহ’র স্ত্রী ছামিরা বেগম তার মেজ ছেলে লাভলু শাহের হাতে নির্যাতনের শিকার হয়ে আহত হয়। এবং ১০তারিখে ছেলের বিরুদ্ধে আদালতে মামলা করেন তিনি। মামলার আরজি থেকে আরও জানাযায় ছেলের নেশার টাকা দিতে অস্বীকার করায় মাকে এভাবে মারধর করে আহত করে এবং বিধবা মায়ের গচ্ছিত ৮০হাজার টাকাসহ একটি কানের দুল ছিনিয়ে নিয়ে যায়।

এবিষয়ে বিধবা মা ছমিরা বেগমের কাছে জানতে চাইলে তিনি কান্না জড়িত কণ্ঠে বলেন বাবা তোমার চাচা মৃত্যু বরণ করার পরে আমার তিন ছেলের মধ্যে মেজ ছেলে বিভিন্ন খারাপ সঙ্গে মিশে নেশায় আসক্ত হয়ে পড়েছে এবং জুয়াখেলে ঘরের বিভিন্ন জিনিসপত্র নষ্ট করে ফেলেছে। এই নেশার টাকা জোগাতে সে প্রায়ই আমাকে মারধর বা অত্যাচার নির্যাতন করে। এর আগেও আমি নির্যাতন সইতে না পেরে হরিনাকুন্ডুতে থানায় অভিযোগ করি এবং ওসি সবাইকে নিয়ে সেটা মিমাংশা করে দেয়। এখন আমি এই

এ বিষয়ে মামলার আসামী লাভলু শাহ বলেন একটি তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে আমার বড় ভায়ের ইন্ধনে মা আমার বিরুদ্ধে মামলা করেছে। আমি মাকে নির্যাতনের মত কোন ঘটনাই ঘটাইনি।

করোনায় আক্রান্ত হয়ে বাংলাদেশে ১ জনের মৃত্যু

করোনাভাইরাসে আক্রান্ত হয়ে প্রথমবারের মতো এক বাংলাদেশির মুত্যুর হয়েছে। নতুন করে আরও চারজন করোনারোগী শনাক্ত করা হয়েছে। বুধবার বিকালে এক সংবাদ সম্মেলনে এই তথ্য জানিয়েছেন আইইডিসিআরের পরিচালক ডা. সেব্রিনা ফ্লোরা।

প্রাণঘাতী করোনাভাইরাসে আক্রান্ত হয়ে বাংলাদেশে এক বৃদ্ধের মৃত্যু হয়েছে। এমন তথ্য জানিয়েছে রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা বিভাগ (আইইডিসিআর)।

বুধবার বিকালে এক সংবাদসম্মেলনে বিভাগটির পরিচালক ডা. মীরজাদী সেব্রিনা ফ্লোরা বলেন, এছাড়া নতুন চারজন করোনাভাইরাসে আক্রান্ত হয়েছে। নতুন আক্রান্ত চারজনের একজন নারী ও তিনজন পুরুষ বলে তিনি জানিয়েছেন।

তিনি বলেন, যিনি মারা গেছেন, তার বয়স ৭০ বছরের ওপরে। তিনি হাসপাতালে নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) ছিলেন।

‘তিনি নানা শারিরীক জটিলতায় ভুগছিলেন। তার কিডনি রোগ, উচ্চ রক্তচাপ, ডায়াবেটিস, ফুসফুসে সমস্যা এবং হার্টের অসুখ ছিল। হার্ট সমস্যার কারণে সম্প্রতি তার স্টেনটিং বা রিং পরানো হয়।’

গত ৮ মার্চ বাংলাদেশে প্রথম করোনাভাইরাস আক্রান্ত ব্যক্তি শনাক্ত হয়। তখন তিনজন করোনাভাইরাস আক্রান্ত শনাক্ত হওয়ার তথ্য জানায় আইইডিসিআর।

এরপর ১৪ মার্চ শনিবার রাতে স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক আরো দুজনের মধ্যে করোনাভাইরাস শনাক্ত হওয়ার তথ্য জানান। এরপরে আরও তিনজনের করোনা শনাক্ত হওয়ার তথ্য জানায় আইইডিসিআর।

সংবাদ সম্মেলনে তিনি বলেন, ২৪ ঘণ্টায় আরও ৪৯জনের নমুনা সংগ্রহ করা হয়েছে। এ পর্যন্ত মোট ৩৪১জনের নমুনা সংগ্রহ করা হয়েছে। সন্দেহজনক আরও ১৬জনকে কোয়ারেন্টিনে নেয়া হয়েছে।